গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা
www.dhakadiv.gov.bd

স্মারক নং- ০৫.৪১.৩০০০.০১১.০৬.০৫১.২২- ৬৫ তারিখ : ০৬/১১/২০২২

ফরম নং-২৭০
(১৯১৭ সালের বোর্ড ম্যানুয়েলের ১২৯ নং বিধি)

## আদেশপত্র

তারিখ.........................................হইতে.....................................................পর্যন্ত
জেলা......................................২০.........................সালের ................................ পর্যন্ত

**মামলার ধরণ :** জনাব সাধন চন্দ্র সরকার, পিতা মৃত নিখিল রঞ্জন সরকার, ১১৪ পূর্ব তেজতুরী বাজার, তেজগাঁও, ঢাকা-১২১৫ এর গত ২৫/১০/২০২২ তারিখের আপীল আবেদনের প্রেক্ষিতে **(আপীল মামলা নম্বর ৩৫/২০২২)।**

| আদেশের ক্রমিক নং ও তারিখ | আদেশ ও অফিসারের স্বাক্ষর | আদেশের উপর গৃহীত ব্যবস্থা |
|---|---|---|
| **০৬/১১/২০২২** | জনাব সাধন চন্দ্র সরকার, পিতা মৃত নিখিল রঞ্জন সরকার, ১১৪ পূর্ব তেজতুরী বাজার, তেজগাঁও, ঢাকা-১২১৫ এর গত ২৫/১০/২০২২ তারিখের আপীল আবেদনের প্রেক্ষিতে ০৬/১১/২০২২ তারিখ আপীল শুনানীর দিন ধার্য।<br><br>**দেখলাম।** আপীলকারী অনুপস্থিত। আপীলকারীর কাগজপত্রাদি পর্যালোচনায় দেখা যায় যে, আপীলকারী জনাব শরীফ উল আলম তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী নিম্নবর্ণিত তথ্য চেয়ে জেলা প্রশাসক, ঢাকা বরাবর গত ২২-০৮-২০২২ খ্রি: তারিখ আবেদন করেন।<br><br>বিজ্ঞ ল্যান্ড সার্ভে ট্রাইবুন্যাল, কিশোরগঞ্জ আদালতে আবেদনকারীর বি.আর.এস রেকর্ড সংশোধন মামলা নং ৩৩৭৭/২০১৩-এর দু'তরফা সূত্রে নিষ্পত্তিকৃত বিজ্ঞ আদালতের রায় ও ডিক্রি, সরকারীভাবে যাহা দলিল সম্পাদনের সমার্থক বলিয়া গণ্য, এর আলোকে সৃজিত রেকর্ড সংশোধণ ও নামজারি কেস নথি সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য পেতে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, তথ্য প্রদান ইউনিট, জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ বরাবর বিগত ২৪/০৮/২০২২ইং তারিখে তথ্য পেতে আবেদন ফরম 'ক'-এ আবেদন করা হয়। কিন্তু আবেদনকারীর উক্ত আবেদনের বিপরীতে আবেদনে চাহিত প্রকৃত ও প্রয়োজনীয় তথ্য সরবারহ না করায় এবং জেলা প্রশাসকের কার্যালয় (আর.এম. শাখা)-এর ২৯/০৮/২০২২খ্রি: তারিখের ১৯২৩ নং স্মারকমূলে সরবারহকৃত তথ্যে, বিজ্ঞ আদালতের | |

রায় ও ডিক্রি, সরকারীভাবেযাহা দলিল সম্পাদনের সমর্থক বলিয় গন্য, এর আলোকে সৃজিত রেকর্ড সংশোধন ও নামজারি কেস চালুর পর ধাপে ধাপে গৃহীত কার্যক্রমের চাহিত তথ্য সরবারহ না করে দায়সারা তথ্য সরবারহ করায় এই আপীল আবেদন করা হয়েছে।

**<u>সরকার পক্ষে জেলা প্রশাসকের প্রতিনিধির বক্তব্য</u> :**

শুনানীতে অংশ নিয়ে সরকার পক্ষে জেলা প্রশাসক, কিশোরগঞ্জ এর প্রতিনিধি জনাব মোঃ সিরাজুল ইসলাম, সিনিয়র সহকারী কমিশনার ও তথ্য প্রদানকারী কর্মকর্তা লিখিত ও মৌখিক বক্তব্যে জানান যে-

ক) আবেদনকারীর বিগত ২৪/০৭/২০২২ খ্রি: তারিখে বি,আর,এস রেকর্ড সংশোধন সংক্রান্ত মামলার বিষয়ে জেলা প্রশাসক মহোদয় বরাবরে তথ্য চেয়ে আবেদন দাখিল করেন।

খ) আবেদনকারীর তথ্য প্রাপ্তির আবেদনের পরিপ্রেক্ষিতে এ কার্যালয়ে ০১/০৮/২০২২ খ্রি: তারিখের ০৫.৪১.৪৮০০.০১৬.০১.০০১ (অংশ-১০).২০২২-১৩৫ নং স্মারকমূলে আবেদনকারীর চাহিত তথ্যাদি তথ্য ও অভিযোগ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জে সরবরাহ করার জন্য সহকারী কমিশনার, রাজস্ব মুন্সিখানা শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জকে অনুরোধ করা হয়।

গ) সহকারী কমিশনার, রাজস্ব মুন্সিখানা শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জের ২৯/৮/২০২২ খ্রি: তারিখের ৩১.৪১.৪৮০০.০১৮.১৪.০০৪.২০১৯-১৯২৩ নং স্মারকমূলে আবেদনকারীর তথ্যাদি সরবারহকরণ করা হয়েছে।

ঘ) পরবর্তীতে আবেদনকারীকে তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর ৮(৪) উপ-ধারা (১) এবং ৯(৬) মোতাবেক তথ্যাদি সরবারহ করার জন্য তথ্যের মূল্য বাবদ ২/-(দুই) টাকা ট্রেজারী চালানমূলে তথ্য ও অভিযোগ শাখায় জমা প্রদানের জন্য ৩০/৮/২০২২খ্রি: তারিখের ০৫.৪১.৪৮০০.০১৬.০১.০০১(অংশ-১).২২-১৫৩ নং স্মারকমূলে পত্র প্রদান করা হয়েছে।

ঙ) তৎপ্রেক্ষিতে আবেদনকারী ট্রেজারী চালানমূলে তথ্যের মূল্য বাবদ ২/-(দুই) টাকা স্থানীয় সোনালী ব্যাংকে জমা প্রদান করে চালানকপি তথ্য ও অভিযোগ শাখায় জমা প্রদান করায় তথ্য ও অভিযোগ শাখার ১৩/৯/২০২২ খ্রি: তারিখের ০৫.৪১.৪৮০০.০১৬.০১.০০১ (অংশ-১).২২-১৬০ নং স্মারকমূলে চাহিত তথ্য সরবারহ করা হয়েছে।

CamScanner

| | | |
|---|---|---|
| | চ) এমতাবস্থায় আবেদনকারী কর্তৃক দাখিলকৃত আপীল আবেদনপত্রটি খারিজ করা যেতে পারে।<br><br>**<u>আপীলকারীর বক্তব্য</u>** :<br><br>আপীলকারী উপস্থিত। আপীলকারী জনাব সাধন চন্দ্র সরকার তার লিখিত ও মৌখিক বক্তব্যে জানান যে- আমি ২৪/০৭/২০২২ তারিখ জেলা প্রশাসকের কার্যালয় কিশোরগঞ্জ বরাবর আমার আবেদনে উল্লিখিত তথ্যাদি চেয়ে আবেদন দাখিল করি। আমার আবেদনের প্রেক্ষিতে আমার চাহিত তথ্য পাই নাই। দায়সারা কিছু তথ্য দেয়া হয়েছে। আমি আপীলে আমার চাহিত তথ্যাদির পূর্নাঙ্গ বিবরণী পাওয়ার জন্য এই আপীল দায়ের করলাম। এই আমার বক্তব্য।<br><br>**<u>পর্যালোচনা</u> :** সরকার পক্ষে জেলা প্রশাসক, কিশোরগঞ্জ এর প্রতিনিধি বক্তব্য এবং আপীলকারীর বক্তব্য শুনলাম। লিখিত বক্তব্য ও দাখিলকৃত প্রমাণক পর্যালোচনা করলাম। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ২৪ ধারার (৩)(ক) উপ-ধারা অনুসারে আপীল কর্তৃপক্ষ আপীল আবেদনকারীকে অনুরোধকৃত তথ্য সরবরাহের জন্য সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে নির্দেশ প্রদান করিবেন, অথবা (৩)(খ) উপ-ধারা অনুসারে তদবিবেচনায় গ্রহণযোগ্য না হইলে আপীল আবেদনটি খারিজ করিয়া দিবেন।<br><br>**<u>আদেশ</u>** : শুনানীঅন্তে আদেশ হয় আপীলকারী জনাব সাধন চন্দ্র সরকার এর দাখিলকৃত আবেদন ও লিখিত বক্তব্য এবং সরকার পক্ষে জেলা প্রশাসক, কিশোরগঞ্জ এর জনাব মোঃ সিরাজুল ইসলাম, সিনিয়র সহকারী কমিশনার ও তথ্য প্রদানকারী কর্মকর্তা এর লিখিত বক্তব্যের পরিপ্রেক্ষিতে আপীল আবেদনটি গ্রহণ করা হলো এবং **<u>আপীলকারীর চাহিত তথ্যসমূহ আইনানুযায়ী সরবরাহ করার নির্দেশ প্রদানপূর্বক</u>** আপীল আবেদনটি নিষ্পত্তি করা হলো। দাখিলকৃত কাগজপত্র নথিতে সংযুক্ত করা হোক ও সংশ্লিষ্ট সকলকে আদেশের কপি সরবরাহ করা হোক। | |

৬/১১/২০২২

(জহিরুল ইসলাম)
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন)
ঢাকা বিভাগ, ঢাকা।

CamScanner

স্মারক নং-০৫.৪১.৩০০০.০১১.০৬.০৫১.২২- ৩৫(৭)　　　　তারিখ : ০৬/১১/২০২২

১।　মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২।　প্রধান তথ্য কমিশনার, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
৩।　সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪।　জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
৫।　সিনিয়র সহকারী কমিশনার (আইসিটি), বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা।
(এ কার্যালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬।　বিভাগীয় কমিশনারের একান্ত সচিব, ঢাকা বিভাগ, ঢাকা।
(বিভাগীয় কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭।　জনাব সাধন চন্দ্র সরকার, পিতা মৃত নিখিল রঞ্জন সরকার, ১১৪ পূর্ব তেজতুরী বাজার, তেজগাঁও, ঢাকা-১২১৫।

০৬/১১/২০২২
(আল মামুন)
সিনিয়র সহকারী কমিশনার (উন্নয়ন)
ঢাকা বিভাগ, ঢাকা।

CS CamScanner